



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
সমন্বিত উপবৃত্তি কর্মসূচি
বাড়ি-৪৪, সড়ক- ১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯
www.pmeat.gov.bd



স্মারক নং- এইচএসপি/মাঠ পর্যায়ে যোগাযোগ/০৮/২০২০(খন্দ-০১)/ ২৭৮/১(ডেট) তারিখ: ২৭ .০৯.২০২৩ খ্রি.

বিষয়: HSP-MIS এ ইউজার প্রোফাইল হালনাগাদকরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের আওতায় বাস্তবায়নাধীন সমন্বিত উপবৃত্তি কর্মসূচির HSP-MIS এ শিক্ষা প্রতিষ্ঠান প্রধান/উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা কর্তৃক নিম্নরূপভাবে ইউজার প্রোফাইল হালনাগাদ এবং Password পুনরুদ্ধারের জন্য অনুরোধ করা হলো।

ইউজার প্রোফাইল হালনাগাদ করার নিয়মাবলী:

HSP-MIS এর URL লিংক-<https://hsp.pmeat.gov.bd/HSP-MIS/login> ব্যবহার করে লগইন করে ড্যাশবোর্ডের ডানদিকের উপরের অংশে ইউজার প্রোফাইলের নামে ক্লিক করলে বামদিকে “ইউজার প্রোফাইল” অপশন আসবে। পরবর্তীতে ইউজার প্রোফাইলের উপর ক্লিক করলে মৌলিক তথ্যসমূহ (নাম, পদবী, ইমেইল ও মোবাইল নম্বর) হালনাগাদ করে ইউজার প্রোফাইল বরাবর ডানে “সংরক্ষণ করুন” অপশনে ক্লিক করতে হবে। উল্লেখ্য যে, ইউজার প্রোফাইলের এন্ট্রিকৃত মোবাইল নম্বরে Password পুনরুদ্ধার এর OTP প্রেরণ করা হবে। এমতাবস্থায় অবশ্যই সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধান/উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার বৈধ মোবাইল নম্বর এবং অন্যান্য তথ্যাদি সঠিকভাবে হালনাগাদ/আপডেট করতে হবে। ইউজার প্রোফাইলে নাম ও মোবাইল নম্বরসহ যাবতীয় তথ্যাদি সঠিক ভাবে হালনাগাদ/আপডেট না করলে OTP এর মাধ্যমে Password পুনরুদ্ধার করা যাবে না।

Password ভুলে গেলে পুনরুদ্ধার করার নিয়মাবলী:

HSP-MIS এর লগইন পেইজ এ “পাসওয়ার্ড ভুলে গেছেন”-এ ক্লিক করে শিক্ষা প্রতিষ্ঠান প্রধান/উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার “ইউজার আইডি/মোবাইল নম্বর” প্রদান করে OTP Send অপশনে ক্লিক করলে সংশ্লিষ্ট ইউজার এর মোবাইল নম্বরে OTP প্রেরণ করা হবে। মোবাইলে এসএমএস এর মাধ্যমে প্রাপ্ত OTP নম্বর ব্যবহার করে Password পুনরুদ্ধার করতে হবে। নতুন পাসওয়ার্ড সেট করার সময় অবশ্যই সঠিক নিয়মাবলী ও গোপনীয়তা রক্ষা করতে হবে।

Password সংরক্ষণকরণ:

১। HSP-MIS একটি আর্থিক সফটওয়্যার এর পাসওয়ার্ড সংরক্ষণের ক্ষেত্রে কঠোর গোপনীয়তা রক্ষা করতে হবে। শিক্ষা প্রতিষ্ঠান প্রধান/উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার আবেদনের প্রেক্ষিতে HSP কর্তৃক প্রেরিত Password প্রাপ্তির সঙ্গে সঙ্গে নতুন Password Reset করতে হবে। কোনক্রমেই HSP-MIS এর Password দায়িত্বপ্রাপ্ত শিক্ষক/কর্মকর্তা ছাড়া অন্য কারো নিকট হস্তান্তর করা যাবে না। একই পাসওয়ার্ড দীর্ঘদিন ব্যবহার না করে মাঝে মাঝে পাসওয়ার্ড পরিবর্তন করে সর্বোচ্চ গোপনীয়তার সাথে সংরক্ষণ করতে হবে।



f

২। শিক্ষা প্রতিষ্ঠান প্রধান/উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা কর্তৃক ব্যবহৃত আইডি পাসওয়ার্ড দিয়ে HSP-MIS এ লগইন/পাসওয়ার্ড পুনরুদ্ধার করতে না পারলে শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের আবেদন যা হতে উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার সুপারিশসহ ক্ষিম পরিচালক বরাবর mis.hsp@pmeat.gov.bd ই-মেইলে প্রেরণ করতে হবে। উক্ত আবেদনের প্রেক্ষিতে আবেদনকৃত মেইলের মাধ্যমে অস্থায়ী পাসওয়ার্ড প্রেরণ করা হবে। ইমেইলে প্রাপ্ত পাসওয়ার্ড দিয়ে HSP-MIS এ লগইন করে পুনরায় পাসওয়ার্ড পরিবর্তন করে গোপনীয়তার সাথে সংরক্ষণ করতে হবে।

(মোহাম্মদ আহসানুল হক)
ক্ষিম পরিচালক (যুগ্মসচিব)
সমন্বিত উপবৃত্তি কর্মসূচি
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
ফোন: ০২-৫৫০০২০৭৩

উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা
সকল উপজেলা/থানা
(সংশ্লিষ্ট সকলকে অবহিতকরণের অনুরোধসহ)

অনুলিপি: সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় কার্যালয়ে

- ০১। ব্যবস্থাপনা পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।
- ০২। প্রোগ্রাম এক্সিকিউটিভ এন্ড কো-অর্ডিনেটর, BACS and iBAS++ ক্ষিম, SPFMS, অর্থ বিভাগ (OTP প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা প্রহণের অনুরোধসহ)।
- ০৩। সকল কর্মকর্তা, সমন্বিত উপবৃত্তি কর্মসূচি, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।
- ০৪। শিক্ষা প্রতিষ্ঠান প্রধান, ক্ষিমভুক্ত সকল শিক্ষা প্রতিষ্ঠান।
- ০৫। জেলা শিক্ষা অফিসার, সকল জেলা।
- ০৬। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৭। প্রোগ্রামার, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৮। সহকারী প্রোগ্রামার, সমন্বিত উপবৃত্তি কর্মসূচি, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।